

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের সমরোতা স্মারক সই

ঢাকা, ১০ ডিসেম্বর ২০১৭

সারাদেশের মাধ্যমিক বিদ্যালয়সমূহে অধ্যয়নরত কিশোর-কিশোরীদের মূল পাঠ্যক্রমের পাশাপাশি বয়ঃসন্ধি স্বাস্থ্য উন্নয়ন, টিকা, হাত ধোয়া, মাসিককালীন পরিচ্ছন্নতা, স্বাস্থ্যকর টয়লেট ব্যবহার, বাল্যবিবাহ প্রতিরোধ, পুষ্টি জ্ঞান, ঝরে পড়া রোধ, পাঠ্যভ্যাস গড়ে তোলা, স্বাধীনতার চেতনায় উন্নুন্নকরণ, নেতৃত্ব মূল্যবোধের অবক্ষয় রোধ এবং মাদক ও জিবিদারের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সাথে স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের এক সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

আজ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের চেয়ারম্যান ও সিইও ফারজানা ব্রাউনিয়া নিজ নিজ পক্ষে স্মারকে স্বাক্ষর করেন। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এসময় শিক্ষামন্ত্রী বলেন, আমাদের শিশুরা যাতে ভাল স্বাস্থ্য, ভাল মন এবং অধিকার নিয়ে এগিয়ে যেতে পারে, সেজন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। বয়ঃসন্ধিকালে মেয়েরা বিভিন্ন সমস্যায় পড়ে। এ বিষয়গুলো আমরা পাঠ্যপুস্তকে নিয়ে এসেছি। এখন এ বিষয়গুলো সবাই বুঝার চেষ্টা করছে। প্রতিটি নতুন স্কুল ভবনে টয়লেটের ব্যবস্থা রাখা হচ্ছে। তিনি বলেন, স্বর্ণকিশোরী উদ্যোগ মেয়েদের উজ্জীবিত করবে এবং সাবর্কভাবে এগিয়ে নিতে সহায়তা করবে।